



তথ্যবিবরণী

নম্বর-২১২

ধর্ম উপদেষ্টা কাল রাজশাহী আসছেন

রাজশাহী; ০৮ ফাল্গুন (২১ ফেব্রুয়ারি):

ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের উপদেষ্টা ড. আ ফ ম খালিদ হোসেন আগামীকাল শনিবার (২২ ফেব্রুয়ারি) রাজশাহী ও নাটোর জেলা সফর করবেন। সকাল সাড়ে দশটায় তিনি বিমানযোগে রাজশাহী এসে পৌঁছবেন। এর পরে তিনি রাজশাহী উত্তম মেমোরিয়াল ক্যাথেড্রাল চার্চ পরিদর্শন শেষে মতবিনিময় করবেন।

উপদেষ্টা ওই দিন বেলা সাড়ে এগারোটায় রাজশাহী হতে নাটোরের উদ্দেশ্যে যাত্রা করবেন। দুপুর সোয়া একটায় নাটোর জেলার বাগাতিপাড়া ও লালপুর উপজেলা মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র উদ্বোধন শেষে তিনি সন্ধ্যা ছয়টায় রাজশাহী গোদাগাড়ী পৌঁছবেন। পরে উপদেষ্টা গোদাগাড়ী নদওয়াতুল ইসলাম কাওমী মাদ্রাসায় 'দারিদ্র্য বিমোচনে যাকাতের ভূমিকা' শীর্ষক সম্মেলনে প্রধান অতিথি হিসেবে যোগদান শেষে রাজশাহী সার্কিট হাউজে রাত্রি যাপন করবেন।

পরদিন রবিবার পৌনে এগারোটায় তিনি ঢাকার উদ্দেশ্যে রাজশাহী ত্যাগ করবেন।

.....

তৌহিদ/রুহুল/২০২৫/১৯.০০ঘ.